

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২২১

8. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১. আঙ্গুল সমূহ খিলাল[1] করার প্রতি উদ্বুদ্ধকরণ ও তা পরিত্যাগ করা এবং যে অংশ ধৌত করা ওয়াজিব তাতে শিথীলতা করার প্রতি ভীতি প্রদর্শনঃ ([1] . খিলাল বলা হয়, দু'দাঁতের মধ্যে থেকে খাদ্যের কণা ইত্যাদি বের করার জন্য যে শলা বা কাঠি ব্যবহার করা হয় তাকে। এখানে উদ্দেশ্য হচ্ছে, দাড়ির চুলকে ফাঁক করে তার মধ্যে এবং হাত ও পায়ের দু'আঙ্গুলের ফাঁকে অন্য আঙ্গুল দ্বারা পানি পৌঁছানো।)

الترغيب في تخليل الأصابع والترهيب من تركه وترك الإسباغ إذا أخل بشيء من القدر الواجب

আরবী

(صحيح) وَعَنْ عبد الله بن عمرو رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَسُوْلَ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى قَوْمًا وَأَعْقَابُهُمْ تَلُوحُ فَقَالَ وَيْلٌ لِلْأَعْقَابِ مِنْ النَّارِ أَسْبِغُوا الْوُضُوءَ. رواه مسلم وأبو داود واللفظ له والنسائي وابن ماجه ورواه البخاري بنحوه

বাংলা

২২১. (সহীহ) আবদুল্লাহ ইবনে আমর কর্তৃক বর্ণিত। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দেখলেন একদল লোকের গোড়ালী সমূহ না ভিজার কারণে তা চকচক করছে। তখন তিনি বললেনঃ "গোড়ালী সমূহের জন্য আগুনের শাস্তি। তোমরা পরিপূর্ণরূপে ওযু কর।"

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম ২৪১, আবু দাউদ ৯৭, নাসাঈ ১/৭৮ ও ইবনু মাজাহ্ ৪৫০। বুখারীও প্রায় একইভাবে বর্ণনা করেছেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন